

নৈতিকতা কমিটি'র সভাপতি ও টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশনের ডিভিশনাল প্রধান মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) জনাব মোঃ আমীর ফয়সাল গত ১৩.১২.২০২০ তারিখে তাঁর অধীনস্থ স্থানীয় সংগ্রহ বিভাগ ও বৈদেশিক সংগ্রহ বিভাগ পরিদর্শন করেন। উপ-মহাব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ), জনাব এম, কে, মাসুক (স্থানীয় সংগ্রহ বিভাগের অতিরিক্ত দায়িত্বে নিয়োজিত) মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) মহোদয়-কে তাঁর দপ্তরে স্বাগত জানান। অতঃপর উপ-মহাব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ) এর কক্ষে আলোচনায় শুরু হয়। এসময় বিজিএফসিএল এর শুদ্ধাচার কমিটির ফোকাল পয়েন্ট ও ব্যবস্থাপক (প্রশাসন) জনাব মোহাম্মদ জোয়াদ আলীসহ স্থানীয় সংগ্রহ বিভাগ ও বৈদেশিক সংগ্রহ বিভাগ এর ব্যবস্থাপকগণ উপস্থিত ছিলেন।

আলোচনাঃ

নৈতিকতা কমিটি'র সভাপতি ও মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) জনাব মোঃ আমীর ফয়সাল আলোচনার শুরুতেই স্থানীয় সংগ্রহ বিভাগ ও বৈদেশিক সংগ্রহ বিভাগ এর কর্মকর্তাদের কুশলাদি জিজ্ঞাসা করেন এবং জানতে চান যে, বিভাগদ্বয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে কেউ COVID19 এ আক্রান্ত হয়েছেন কি-না, যথাযথভাবে স্বাস্থ্যবিধি অনুসরণ করার প্রবণতা কেমন এবং অন্য কোন ছোট খাট সমস্যা আছে কি-না? উপ-মহাব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ), জনাব এম, কে, মাসুক (স্থানীয় সংগ্রহ বিভাগের অতিরিক্ত দায়িত্বে নিয়োজিত) বলেন যে, স্থানীয় সংগ্রহ বিভাগ ও বৈদেশিক সংগ্রহ বিভাগে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে কেউ COVID19 এ আক্রান্ত হয়নি। তাছাড়া, অফিস সময়কালীন কর্মকর্তা-কর্মচারীগণ যথাযথভাবে স্বাস্থ্যবিধি অনুসরণ করছেন। প্রসঙ্গক্রমে, ব্যবস্থাপক(ম্যাটারিয়াল এন্ড অকশন সেলস) জনাব মোহাম্মদ মনিরুজ্জামান বলেন যে, স্থানীয় সংগ্রহ বিভাগ ও বৈদেশিক সংগ্রহ বিভাগে জনবলের সংকট রয়েছে। তাছাড়া, ডিসেম্বর, ২০২০ এ পদোন্নতিজনিত কারণে কোন কর্মকর্তাকে অন্যত্র পদায়ন করা হলে জনবলের আরো তীব্র সংকট হবে।

পর্যবেক্ষণঃ

সরেজমিনে পর্যবেক্ষণ করে দেখা যায়, স্থানীয় সংগ্রহ বিভাগ ও বৈদেশিক সংগ্রহ বিভাগের কর্মকর্তা-কর্মচারীগণ যথারীতি মাস্ক পরিধান করেছেন, অফিস কক্ষে হ্যান্ডস্যানিটাইজার আছে এবং বাথরুমে সাবান ব্যবহারেরও সুযোগ রয়েছে। তবে বৈদ্যুতিক পাখাগুলো পরিষ্কার করা প্রয়োজন, কর্মকর্তাদের কক্ষের দাপ্তরিক ফাইল ও প্রয়োজনীয় ডকুমেন্টসমূহ পরিকল্পিতভাবে সংরক্ষণে আরো নজর দেয়া প্রয়োজন। তাছাড়া, কতিপয় অফিস ইকুইপমেন্ট অকেজো অবস্থায় পড়ে রয়েছে।

সুপারিশঃ

উপর্যুক্ত বিষয়গুলো বিষদভাবে পর্যালোচনাপূর্বক নিম্নোক্ত সুপারিশ প্রদান হলো:

- ক. বৈদ্যুতিক পাখাগুলো যথাযথভাবে পরিষ্কার করা যেতে পারে;
- খ. দাপ্তরিক ফাইল ও প্রয়োজনীয় ডকুমেন্টসমূহ পরিকল্পিতভাবে সংরক্ষণে ফুল হাইট কেবিনেটে রাখার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে;
- গ. অকেজো অফিস ইকুইপমেন্টগুলো যথাযথ প্রক্রিয়ায় অবলোপন করার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

পরিশেষে নৈতিকতা কমিটির সভাপতি ও মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) জনাব মোঃ আমীর ফয়সাল পরিদর্শন কাজে সার্বিক সহযোগিতার জন্য উপ-মহাব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ), জনাব এম, কে, মাসুক-কে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন এবং পরিদর্শন কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

১৯-১২-২০২০ ১৬:১৮:৪০

মোঃ আমীর ফয়সাল

মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস), টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন
বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানী লিমিটেড